# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৩৮) স্বশব্দে ‘বিসমিল্লাহ্...” পাঠ করার বিধান কি?

সঠিক কথা হচ্ছে, স্বশব্দে ‘বিসমিল্লাহ্..’ পাঠ করা উচিৎ নয়। সুন্নাত হচ্ছে নীরবে পাঠ করা। কেননা ‘বিসমিল্লাহ্..’ সূরা ফাতিহার অংশ নয়। কিন্তু কখনো যদি স্বশব্দে তা পাঠ করে, তাতে কোন অসুবিধা নেই। বিদ্বানদের মধ্যে কেউ কেউ বলেন, বরং কখনো স্বশব্দে ‘বিসমিল্লাহ্..’ পাঠ করা উচিৎ। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণিত হয়েছে, “তিনি কখনো স্বশব্দে ‘বিসমিল্লাহ্..’ পাঠ করতেন।”

কিন্তু বিশুদ্ধভাবে যা প্রমাণিত হয়েছে তা হচ্ছে, “তিনি উহা স্বশব্দে পাঠ করতেন না।” আর এটাই উত্তম। তবে যদি কখনো বিসমিল্লাহ্ স্বশব্দে পাঠ করে এতে কোন অসুবিধা হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=768

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন